বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন
পরিদপ্তর

...

---

| | |
|---|---|
| সভাপতি | আরিফ ইকরামুল আজিম<br>সিস্টেম এনালিস্ট |
| সভার তারিখ | ০৭/০৪/২০২২ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | কক্ষ নং-৯১৩, লেভেল-৯, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা-১২০৫। |
| উপস্থিতি | সংযুক্তি - ১ |

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সঙ্ক্রান্ত ইনোভেশন টিম ও অগ্রগতি পর্যালোচনা বিষয়ে ০৭/০৪/২০২২ খ্রিঃ সকাল ১০.৩০ ঘটিকা পানি ভবনের , লেভেল-৯ এর কক্ষ নং – ৯১৩ এ জনাব আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড –এর সভাপতিত্বে ইনোভেশন টিমের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবারের ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য অর্পিত দায়িত্ব সম্পাদনের বিষয়ে নানা দিক নিয়ে আলোচনা করেন।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ইনোভেশন অফিসার জনাব আরিফ ইকরামুল আজিম উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সঙ্ক্রান্ত বিষয়ে তথ্য জানতে চাইলে, নিম্নোক্ত ভাবে তাঁকে অবহিত করা হয়।

১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২১-২০২২ অর্থ-বছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার

[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রন্ত কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ এর

[১.১] উদ্ভাবনী ধারণা এর জন্য নির্ধারিত Pension Management System এর অগ্রগতি সম্পর্কে জিজ্ঞাসা করলে Pension Management System এর হাজিরা অংশ develop করা হবে এবং গ্রিনরোড র্যাক এ পাইলটিং কার্যক্রম শুরু করা হবে বলে তাঁকে অবগত করা হয়।

[১.২] সেবা সহজিকরণ এর জন্য নির্ধারিত Contract Management System এর অগ্রগতি সম্পর্কে জিজ্ঞাসা করলে, CMS Software টি খুলনা ও কুমিল্লা জোন এ কার্যক্রম শুরু করা হয়েছে বলে অবহিত করা হয়।

[১.৩] সেবা ডিজিটাইজেশন এর জন্য নির্ধারিত GAD Moduleএর অগ্রগতি সম্পর্কে জিজ্ঞাসা করেন। GAD Module এর কার্যক্রম শুরু করা হয়েছে কিন্তু সম্পূর্ণরূপে বাস্তবায়নে অসংগতি দেখা দেওয়ায় নতুন কিছু Features সংযোজন করে Oracle এ implement করা হবে বলে অবহিত করেন।

[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজন সম্পর্কে জিজ্ঞাসা করলে, ৪ টি সভা আয়োজন করা হয়েছে বলে তাঁকে জানানো হয়।

[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি সম্পর্কে জিজ্ঞাসা করলে, ৬০% নোট ই-নথির মাধ্যমে নিস্পত্তি হচ্ছে বলে তাঁকে অবগত করা হয়।

[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন সম্পর্কে জানতে চাইলে, ৪র্থ শিল্প বিপ্লবের উপর এপ্রিল ২০২২, এর ৪র্থ সপ্তাহের মধ্যে কর্মশালা আয়োজন করা হবে তাঁকে বলে জানান।

[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এর

[ ২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ এর জন্য নির্ধারিত তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকরণ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ সম্পর্কে জিজ্ঞাসা করলে, ৩ টি সেবা বক্স হালনাগাদকরণ এবং ২ প্রকাশনা প্রকাশিত হয়েছে বলে অবহিত করেন।

[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর

[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সম্পর্কে জানতে চাইলে, ৪ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলে অবহিত করা হয়।

[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয় সম্পর্কে জিজ্ঞাসা করলে, ১৫% অর্থ ব্যয়িত হয়েছে বলে জানানো হয়।

[২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কে জিজ্ঞাসা করলে, ৩ টি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়ছে বলে অবহিত করা হয়।

[২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক সব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে / উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ সম্পর্কে জানতে চাইলে, প্রতিবেদনটি ১২/০১/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে বলে তাঁকে অবগত করা হয়।

[২.২.৫] দেশে / বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শন এর সম্পর্কে জিজ্ঞাসা করলে, যশোর এবং ফেনী ২ টি উদ্যোগ পরিদর্শন করা হয়েছে বলে তাঁকে জানানো হয়। ইহা ছাড়াও ১২ এপ্রিল ডালিয়া, নীলফামারী রংপুর এ পানি সম্পদ মন্ত্রণালয় এর চিফ ইনোভেশন অফিসার WMO Registration and Irrigation Management System এর গ্রুপ পর্যায়ের নির্বাচন পরিদর্শন করেন।ইনোভেশন টিমের বৈদেশিক সফরের বাজেট অনুমোদিত হওয়ায়, এশিয়া রিজিয়নের মধ্যে সফর আয়োজন করা যেতে পারে।

০২। সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত |
|---|---|
| ১। | Pension Management System এর হাজিরা অংশ develop করতে হবে এবং গ্রিনরোড র‌্যাক এ পাইলটিং কার্যক্রম শুরু করতে হবে। |
| ২। | GAD Module এর কার্যক্রম শুরু করা হয়েছে কিন্তু সম্পূর্ণরূপে বাস্তবায়ন অসংগতি দেখা দেওয়ায় নতুন কিছু Features সংযোজন করে Oracle এ implement করতে হবে। |
| ৩। | ৪র্থ শিল্প বিপ্লবের উপর এপ্রিল ২০২২, এর ৪র্থ সপ্তাহের মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে। |
| ৪। | অভ্যন্তরীণ / বৈদেশিক একটি সফর আয়োজন করতে হবে। |

০৩। সভার আর কোনো আলোচনাসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আরিফ ইকরামুল আজিম
সিস্টেম এনালিস্ট

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.১৭.২২

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯
১৭ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা ও চীফ ইনোভেশন কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়
২) পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৬) উপ-পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) উপসচিব, অর্থ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) উপপরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মুহাম্মদ শহিদ শিকদার
প্রোগ্রামার